# এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব আমজাদ একজন টেক্সটাইল ইঞ্জিনিয়ার। তিনি "সুবাস্তু কোম্পানি লি." নামক একটি বৃহদায়তন প্রতিষ্ঠানে অনেক দিন কর্মরত ছিলেন। প্রতিষ্ঠানটিতে ভালো সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও তিনি চাকরি ছেড়ে বন্ধুদের সহযোগিতায় একটি আধুনিকমানের টেক্সটাইল মিল স্থাপন করেন। বন্ধুরা পরিচালক হলেও তিনিই নির্বাহী পরিচালক। তার ধারণা উন্নত প্রযুক্তি বসানো গেলে এ খাতে সম্ভাবনা অনেক বেশি। কিন্তু এখন দেখছেন উন্নত যন্ত্রপাতির চাইতে আরেকটি বিষয় বেশি গুরুত্বপূর্ণ, যা এই যন্ত্রপাতিকে চালনা করে। তাই তিনি এর দক্ষতা বাড়াতে প্রশিক্ষণের ওপর জোর দিচ্ছেন।

ক. কোন সময়কে শিল্পবিপ্লবকাল বলা হয়? ১
খ. ব্যবস্থাপনার কাজগুলো পরস্পর নির্ভরশীল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আমজাদ কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উন্নত যন্ত্রপাতির চাইতে কোন বিষয়কে গুরুত্ব দেওয়া হচ্ছে? এর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ রাফা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপক মি. জামিল যথেষ্ট বিচার ও মেধাশক্তির অধিকারী। তিনি প্রতিষ্ঠানসংশ্লিষ্ট সকল পক্ষের সাথে উত্তম সম্পর্ক বজায় রেখে দ্রুত লক্ষ্যস্থানে পৌঁছাতে চান। এজন্য তিনি প্রতিষ্ঠানের অভ্যন্তরে এবং বাইরে সকল পক্ষের সাথে যোগাযোগ রক্ষা করেন এবং প্রয়োজনে পরামর্শ দেন। এ ব্যবস্থা তার প্রতিষ্ঠানের জন্য সবসময় ইতিবাচক ফল বয়ে আনে। তাই তিনি সফল ব্যবস্থাপক।

ক. প্রশাসন কী? ১
খ. জোড়া মই শিকলের নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. জামিলের মধ্যে ব্যবস্থাপকের কোন গুণ পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কোন ধরনের দক্ষতা মি. জামিলকে সফল ব্যবস্থাপক হতে সহায়তা করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব ইহান তার প্রতিষ্ঠিত সিমেন্ট কোম্পানি পরিচালনার পাশাপাশি ঠিকাদারি কাজের সাথেও জড়িত। তিনি তার কোম্পানির উৎপাদন কাজের জন্য ১০ বছরের একটি পরিকল্পনা করেন। অপরদিকে ঠিকাদার হিসেবে তিনি একটি সেতু নির্মাণের কাজ পাওয়ায় তা নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা তৈরি করেন।

ক. লক্ষ্য কী? ১
খ. পরিকল্পনার আঙিনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব ইহান সিমেন্ট কোম্পানির উৎপাদনের জন্য মেয়াদভিত্তিক কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সেতু নির্মাণের জন্য প্রকৃতিভিত্তিক কোন ধরনের পরিকল্পনা গ্রহণ বেশি যৌক্তিক হবে বলে তোমার মনে হয়? ব্যাখ্যা কর। ৪

৪ ▸ মি. আরমান একটি প্রতিষ্ঠানের এরিয়া ম্যানেজার হিসেবে ৮ জন কর্মী সুষ্ঠুভাবে পরিচালনা করেন। উক্ত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোতে কর্তৃত্বরেখা সর্বোচ্চ স্তর হতে ক্রমান্বয়ে নিচ বরাবর নেমে আসে। ফলে উর্ধ্বতনের আদেশ অধীনস্থরা বিনা দ্বিধায় মানতে থাকে। সম্প্রতি একজন এরিয়া ম্যানেজার চাকরি ছেড়ে চলে যাওয়ায় মি. আরমানকে উক্ত এরিয়ায় অতিরিক্ত দায়িত্ব প্রদান করায় নতুন আরও ৮ জন কর্মী দায়িত্ব পালন করতে হয়। ফলে কর্মীর সংখ্যা বেশি হওয়ায় সুষ্ঠুভাবে কাজ তত্ত্বাবধান করা তার পক্ষে সম্ভব হচ্ছে না। তাই ব্যবস্থাপনা উক্ত পরিস্থিতি মোকাবিলায় এমন একজনকে নিয়োগ দিতে চান যাতে তিনি মি. আরমানকে প্রয়োজনীয় পরামর্শ, উপদেশ এবং কার্যক্ষেত্রে সহযোগিতা করতে পারে।

ক. কার্যভিত্তিক সংগঠন কী? ১
খ. সংগঠন কাঠামো বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সংগঠনের কোন নীতি মেনে না চলায় মি. আরমানকে তত্ত্বাবধানে হিমশিম খেতে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংগঠন কাঠামোর কোন ধরনের পরিবর্তন করে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে চান বলে তুমি মনে কর? ৪

৫ ▸ প্যারাগন টেক্সটাইল লিমিটেড দুইটি পদে জনবল নিয়োগের কথা ভাবছে। একটি হচ্ছে বিপণন ব্যবস্থাপকের পদ, অন্যটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিশেষজ্ঞ। বর্তমানে বিপণন বিভাগে দুইজন সহকারী বিপণন ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন। এদের মধ্যে মি. আহসান কনিষ্ঠ। তার কর্মদক্ষতা বিবেচনা করে পরিচালনা পর্ষদ তাকেই বিপণন ব্যবস্থাপক হিসেবে পদোন্নতির সিদ্ধান্ত গ্রহণ করেন। প্রতিষ্ঠানে আইসিটি পদটি নতুন সৃষ্টি করা হয়েছে।

ক. প্রশিক্ষণ কী? ১
খ. কর্মী সংস্থান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে প্রতিষ্ঠানে পদোন্নতির কোন ভিত্তি বিবেচনায় মি. আহসানকে পদোন্নতি দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আইসিটি বিশেষজ্ঞ নিয়োগে কর্মী সংগ্রহের কোন উৎসটি ব্যবহার করা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬ ▸ 'ভ্যাটিক্যাল ডিজাইন' একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। এতে প্রায় ২০০০ কর্মী কর্মরত আছেন। উক্ত প্রতিষ্ঠানের মহা-ব্যবস্থাপক মনে করেন যে কর্তৃপক্ষের যথাযথ তদারকির অভাবে কর্মীরা অলস হয়ে পড়েছে। কর্মীদের মধ্যে কাজ এড়িয়ে চলার প্রবণতাও দেখা যাচ্ছে। ফলে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতাও হ্রাস পাচ্ছে। তাই তিনি কর্মীদের কাজে নজরদারি বৃদ্ধি ও প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কাজ আদায় করতে চান। এছাড়াও পরিকল্পনা প্রণয়নে কর্মীদের কোনো প্রকার সুযোগ না দিয়ে কর্তৃপক্ষের একক সিদ্ধান্ত বাস্তবায়নের মনঃস্থির করেছেন।

ক. নেতৃত্ব কী? ১
খ. পরামর্শমূলক নির্দেশনা কর্মীদের মেধা বিকাশের সুযোগ বৃদ্ধি করে বর্ণনা কর। ২
গ. 'ভ্যাটিক্যাল ডিজাইন' কর্তৃপক্ষ কোন ধরনের নেতৃত্ব গ্রহণ করতে যাচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি ও শিল্প প্রতিষ্ঠানের বাস্তব নমুনা বিবেচনা করে বাংলাদেশের জন্য উপযুক্ত নেতৃত্বের ধরন যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৭ ▸ আগ্রাবাদ স্টিল মিলস লি. তাদের উৎপাদন ও বিক্রয় লক্ষ্যমাত্রা আগামী পাঁচ বছরের তুলনায় তিনগুণে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেন। এজন্য নতুন যন্ত্রপাতি সংযোজনসহ প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করা হয়। কিন্তু কাজের চাপ বৃদ্ধি পাওয়ায় কর্মীরা কার্যক্ষেত্রে অমনোযোগী এবং কিছু ক্ষেত্রে অসন্তোষ সৃষ্টি করছে। ফলে কর্তৃপক্ষ তাদের লক্ষ্যমাত্রা পুনরায় বিবেচনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. কর্মসূচি কী? ১
খ. পরিকল্পনায় নমনীয়তা কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. আলোচ্য উদ্দীপকে বর্ণিত পরিকল্পনার ব্যর্থতার কারণ উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ মি. হাসান একটি কলেজের ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ের শিক্ষক। তিনি ছয় মাসের জন্য চিকিৎসা ছুটিতে গেলে তার স্থলে জনাব আজাদকে ছয় মাসের জন্য উক্ত পদে নিয়োগ দেওয়া হয়। জনাব আজাদের কর্মকালীন সময়ে বিআইএসই থেকে একটি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের চিঠি আসে, যেখানে প্রশিক্ষক শিক্ষার্থীদের সামনে তার বক্তব্য উপস্থাপনের পাশাপাশি শিক্ষার্থীদের প্রশ্ন করার সুযোগ দেন। কলেজ কর্তৃপক্ষ জনাব আজাদকে উক্ত প্রশিক্ষণে অংশ নিতে নির্দেশ দেন।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. কর্মী নির্বাচনকে কেন নেতিবাচক বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আজাদের নিয়োগের ধরন বিবেচনা করে উক্ত প্রশিক্ষণে তার অংশগ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মি. আজম একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তার কোম্পানিতে উৎপাদন মাত্রা কীভাবে বৃদ্ধি করা যায় তা নিয়ে আলোচনার জন্য একটি সভার আহবান করলেন, সেখানে উৎপাদনকার্যে নিয়োজিত সকলেই উপস্থিত ছিল। তাদের সাথে আলাপ-আলোচনার প্রেক্ষিতে কিছু সিদ্ধান্ত গ্রহণ করলেন। অল্প সময়ের মধ্যেই তিনি ইতিবাচক ফলাফল লক্ষ করলেন।

ক. পরামর্শমূলক নির্দেশনা কী? ১
খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিণ্ড বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন ধরনের নির্দেশনা সম্পর্কে বলা হয়েছে?– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীফকে গৃহীত নির্দেশনা কৌশল সকল প্রতিষ্ঠানে সবসময় সুফল বয়ে আনবে তার কোনো নিশ্চয়তা আছে? তোমার মতামত দাও। ৪

১০ ▸ জনশন ইলেকট্রনিক লিমিটেড এর উৎপাদন ব্যবস্থাপক তার প্রতিষ্ঠানে শ্রমিকদের ওভারটাইমসহ ৯ ঘণ্টা কর্মঘণ্টা নির্ধারণ করে দেন। এ কর্মঘণ্টার মধ্যে তাদের ৫৪০ পিস বাল্ব উৎপাদন করতে বলেন। মাস শেষে দেখা যায়, মাত্র ১৫,০০০ পিস বাল্ব উৎপাদন হয়েছে। প্রতিষ্ঠানের ব্যবস্থাপক অনুসন্ধান করে দেখলেন, বিদ্যুৎ ব্যবস্থার ঘাটতির কারণে এমনটি হয়েছে। পরবর্তীতে জেনারেটরের ব্যবস্থা করে দেওয়ার ফলে পরবর্তী মাস থেকে সঠিকভাবে উৎপাদন হচ্ছে।

ক. আদর্শমান কী? ১
খ. নিয়ন্ত্রণকে অবিরাম প্রক্রিয়া বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের উৎপাদনের বিচ্যুতি নির্ণয়সহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ নেওয়ার ফলে পরবর্তী মাস থেকে সঠিকভাবে উৎপাদন সম্ভব হয়েছে–উদ্দীপকের আলোকে এ কথার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ 'বন্ধন' একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মি. তৌহিদ নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে সকল কর্মীর কাজ মূল্যায়ন করেন। বিক্রয় ব্যবস্থাপকের কাজ বিশ্লেষণ করে তিনি দেখতে পান চট্টগ্রাম অঞ্চলের বিক্রয় ব্যবস্থাপক মি. সুমন আগের বছরের তুলনায় ১০% পণ্য বেশি বিক্রয় করেছেন। অন্যদিকে সিলেট অঞ্চলের বিক্রয় ব্যবস্থাপক মি. আবির আগের তুলনায় ২৫% বেশি পণ্য বিক্রয় করেছেন। এ অবস্থায় তিনি মি. আবিরকে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি দেন। প্রতিষ্ঠানটি ২০২১ এর তুলনায় ২০২২ সালে ৭৫ কোটি টাকা বেশি মুনাফা অর্জন করে।

ক. কেন্দ্রীকরণ কী? ১
খ. আদেশের ঐক্য নীতি বলতে কী বোঝায়? ২
গ. মি. তৌহিদ পদোন্নতির ক্ষেত্রে ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মি. তৌহিদ এর সিদ্ধান্ত গ্রহণে ব্যবস্থাপনার কোন দক্ষতা সহায়ক হিসেবে কাজ করেছে বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 7 8

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব হাসিবুর করিম জুট মিলের মহাব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন ও নীতিনির্ধারণী কাজের সাথে জড়িত। জনাব হাসিন মহাব্যবস্থাপক কর্তৃক গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের জন্য জনাব হাসমতকে নির্দেশ দেন। জনাব হাসমত শ্রমিক-কর্মীদের মাধ্যমে উক্ত পরিকল্পনা বাস্তবায়ন করে থাকেন।

ক. ব্যবস্থাপক কে? ১
খ. ব্যবস্থাপনাকে সর্বজনীন বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব হাসিবুর ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়নে জনাব হাসমতের ভূমিকা সর্বাধিক এ প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

২▸ এবি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব হাসান তার প্রতিষ্ঠানে যোগ্য ব্যক্তিকে যোগ্য স্থানে এবং সঠিক বস্তুকে সঠিক স্থানে স্থাপন করেন। এতে প্রতিষ্ঠানে শৃঙ্খলা বজায় থাকে এবং কর্মীরা তাদের কাজ যথাসময়ে সম্পন্ন করতে সক্ষম হয়। এছাড়াও তিনি প্রতিষ্ঠানের কর্মীদের প্রতি সমান আচরণ করেন। এতে তার সাথে কর্মীদের একটা সুসম্পর্ক গড়ে ওঠে।

ক. প্রশাসন কী? ১
খ. আদেশের ঐক্য নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব হাসান প্রথমত ব্যবস্থাপনার নীতি কোন অবদান অনুসরণ করেন— ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মীদের সাথে সুসম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে ব্যবস্থাপনার যে নীতি অবদান রেখেছে, এর গুরুত্ব তুলে ধর। ৪

৩▸ খান গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের কর্ণধার জনাব সায়মন প্রতিষ্ঠানের কাজগুলোকে প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করেন। অতঃপর তিনি তা যোগ্যতা অনুযায়ী কর্মীদের মধ্যে বণ্টন করেন। এতে প্রতিষ্ঠানের কাজ সঠিকভাবে সম্পাদিত হচ্ছে। এছাড়াও জনাব সায়মন কর্মীদের যথাসময়ে বেতন, বোনাস ও উত্তম কার্যপরিবেশ দিয়ে কাজ আদায় করার চেষ্টা করেন।

ক. শিল্পবিপ্লব কী? ১
খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সায়মন প্রথমত ব্যবস্থাপনার কোন কাজটি করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার যে কাজের মাধ্যমে জনাব সায়মন কাজ আদায়ের চেষ্টা করেন, এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪▸ জনাব সাব্বির একটি শিল্পীয় প্রতিষ্ঠানের উৎপাদক ব্যবস্থাপক। তার কারখানায় উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন স্থানে (যেমন : খুলনা, রাজশাহী, দিনাজপুর, যশোর) সরবরাহের জন্য পরিকল্পনা প্রণয়ন করেন। উক্ত পরিকল্পনা প্রণয়নে তিনি দেশের পরিবেশ-পরিস্থিতি বিবেচনায় নেন। কিন্তু তিনি যেভাবে পরিকল্পনা গ্রহণ করেছেন তা ঐভাবে বাস্তবায়িত না হওয়ায় পরিকল্পনায় কিছুটা পরিবর্তন আনেন। এতে তিনি সফলতার সাথে পণ্য বিক্রয় করতে সক্ষম হন।

ক. স্থায়ী পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনা ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি, ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাব্বির সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনার যে বৈশিষ্ট্য অনুসরণ করে উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছে, এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫▸ জনাব ইলিয়াছ একজন মানব সম্পদ ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানে কর্মী নিয়োগের জন্য পত্রিকা এবং অনলাইনে বিজ্ঞাপন প্রদান করেন। অতঃপর বিভিন্ন যাচাই-বাছাই করে উপযুক্ত কর্মী নিয়োগ দিয়েও প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি সিদ্ধান্ত নিলেন শুধু উপযুক্ত কর্মী নিয়োগ দিলেই হবে না সেই সাথে তাদের দক্ষতা বৃদ্ধিরও ব্যবস্থা করতে হবে।

ক. সেমিনার কী? ১
খ. কর্মী নির্বাচন একটি ঋণাত্মক প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব ইলিয়াস কোন ধরনের উৎস থেকে কর্মী সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মীদের দক্ষতা বৃদ্ধির সাথে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা সম্পর্কযুক্ত এ প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

৬▸ জনাব হান্নান একটি উৎপাদনধর্মী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত একাই গ্রহণ করেন এবং কাজ আদায়ের ক্ষেত্রে কর্মীদের ভয়ভীতি প্রদান করেন। এতে প্রতিষ্ঠানের প্রতি কর্মীরা অসন্তুষ্ট এবং তাদের মধ্যে কর্ম ত্যাগ করার প্রবণতা সৃষ্টি হয়েছে। অন্যদিকে জনাব কাসেম তার প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কর্মীদের সাথে আলোচনা করে নেয় এবং তিনি কর্মীদের সুবিধা-অসুবিধার কথা চিন্তা করেন। এতে প্রতিষ্ঠানের প্রতি কর্মীদের আন্তরিকতা বৃদ্ধি পায়।

ক. কর্মকেন্দ্রিক নেতৃত্ব কী? ১
খ. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব হান্নানের নেতৃত্বটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানের প্রতি কর্মীদের আন্তরিকতা বৃদ্ধিতে জনাব কাসেমের নেতৃত্বটি গুরুত্বপূর্ণ? এই বক্তব্যের সাথে তুমি কি একমত? ৪

৭▸ জনাব সাকিব একটি বৃহদায়তন প্রতিষ্ঠানের একজন কম্পিউটার অপারেটর। তিনি প্রতিষ্ঠানের প্রতিটা কাজ ও পদ্ধতি সম্পর্কে জ্ঞান রাখেন। তাই প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাকে দিয়ে হিসাব সংরক্ষণ ও উদ্বৃত্তপত্র তৈরির কাজও সম্পন্ন করেন। এতে কর্মক্ষেত্রে তার সময় বেশি লাগলেও তাকে অতিরিক্ত অর্থ প্রদান করা হয় না। এজন্য জনাব সাকিব প্রতিষ্ঠানের প্রতি অসন্তুষ্ট এবং সে অন্যত্র চলে যাওয়ার চিন্তা-ভাবনা করছেন।

ক. ব্যবস্থাপনা নীতি কী? ১
খ. অধিক মাত্রায় কেন্দ্রীয়করণ কাজে গতিশীলতা হ্রাস করে, ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সাকিবের মধ্যে কোন ধরনের দক্ষতা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার যে নীতির অভাবে জনাব সাকিব অসন্তুষ্ট, এর প্রয়োজনীয়তা তুলে ধর। ৪

৮▸ জনাব ইসমাইল একটি উৎপাদনকর্মী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। ২০২৫ সালে প্রতিষ্ঠানটি বিগত বছরের তুলনায় ১০% উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন করেন। কিন্তু ৬ মাস পর পর্যবেক্ষণ করে তিনি দেখতে পান উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৪%। এর কারণ অনুসন্ধান করে দেখা যায় প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ সক্ষমতার অভাব রয়েছে, যা পূর্বেই বিবেচনা করা উচিত ছিল।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনা কী? ১
খ. কৌশলগত পরিকল্পনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব ইসমাইল প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনার যে ধাপের অনুপস্থিতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটি লক্ষ্যে পৌছাতে পারেনি, এর গুরুত্ব তুলে ধর। ৪

৯▸ আড়ং একটি বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠান। দক্ষ কর্মীর প্রয়োজনে প্রতিষ্ঠানটি বিজ্ঞাপনের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে কর্মী নিয়োগ দেন। অতঃপর তাদেরকে প্রতিষ্ঠানের অভ্যন্তরে ছয় মাসের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করে চাকরিতে স্থায়ী করা হয়। কয়েক বছর পর কার্যদক্ষতা ও প্রতিষ্ঠানের প্রতি আনুগত্য বিবেচনা করে ২৫ জনকে পদোন্নতি দেওয়া হয় যাদের সকলেই নতুন নিয়োগপ্রাপ্ত। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানে মারাত্মক কর্ম অসন্তোষ ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. প্রশিক্ষণ একটা প্রতিষ্ঠানে অপরিহার্য কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কীসের ভিত্তিতে পদোন্নতি দিলে স্বাভাবিক অবস্থা বিরাজ করবে বলে তুমি মনে কর? ৪

১০▸ জনাব আব্দুল্লাহ তার প্রতিষ্ঠানে প্রতি মাসে ২০,০০০ পিস পণ্য বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। কিন্তু গত তিন মাস যাবৎ বিপণন বিভাগের প্রকৃত বিক্রয়ের পরিমাণ ছিল যথাক্রমে ১১,৮০০; ১২,০০০ এবং ১১,৯০০ পিস। এজন্য বিপণন বিভাগের প্রত্যেক বিক্রয়কর্মীর কার্যক্রম কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং ব্যবস্থাপকদেরকেও চাপের মধ্যে রাখা হয়। সার্বিক বিষয় পর্যালোচনা করে প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ মাসিক বিক্রয় লক্ষ্যমাত্রা ১২,০০০ একক পুনঃনির্ধারণ করেন।

ক. বাজেট কী? ১
খ. নিয়ন্ত্রণকে 'কালান্তিক কাজ' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নিয়ন্ত্রণ ব্যবস্থাপনায় ব্যবহৃত আদর্শমান কত? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার অংশ হিসেবে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সংশোধনমূলক ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▸ জনাব শহীদ 'খান গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের' ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের সমস্ত দায়-দায়িত্বগুলো একাই পালন করেন। তার নেতৃত্বে প্রতিষ্ঠানটি একটি সফল প্রতিষ্ঠানে পরিণত হয়। এতে প্রতিষ্ঠানটির কাজ বৃদ্ধি পায়, যা জনাব শহীদের একার পক্ষে করা সম্ভব হচ্ছে না। ফলে তার পক্ষে প্রতিষ্ঠানের যেকোনো সিদ্ধান্ত নেওয়া কঠিন হয়ে পড়েছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানটির চেয়ারম্যান জনাব শহীদের কাজ কিছুটা লাঘব করার জন্য একজন বিশেষজ্ঞ নিয়োগ দেন।

ক. সংগঠন কী? ১
খ. মেট্রিক্স সংগঠন কখন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে প্রথমত কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শহীদের কাজে সহযোগিতা করার জন্যে বিশেষজ্ঞ নিয়োগে যে সংগঠন কাঠামোতে পরিণত হয়েছে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 7 8

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ একটি শিল্প প্রতিষ্ঠানে উৎপাদন, বিপণন, বিক্রয় ও হিসাবরক্ষণ এই চারটি বিভাগ রয়েছে। প্রতিটি বিভাগ আলাদাভাবে সিদ্ধান্ত গ্রহণ করে। একটি বিভাগের সাথে অন্য বিভাগের তেমন যোগাযোগ নেই। ফলে বিভিন্ন সময় তাঁদের কাজে সমন্বয়হীনতা দেখা দেয়। অনেক ক্ষেত্রে যথাসময়ে কাজ শেষ করতে পারেন না। প্রতিষ্ঠানের কাজে গতি আনার লক্ষ্যে কর্মীদের হাতে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি করতে আগ্রহী।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনার সর্বজনীনতা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটির সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▶ আল জালাল গ্রুপের চেয়ারম্যান জালাল ইউসুফ নিজ প্রতিষ্ঠানের জন্য মানসিক ও বুদ্ধিভিত্তিক কাজ বেশিমাত্রায় করে থাকেন। সম্প্রতি তাঁর প্রতিষ্ঠানে নতুন কিছু মার্কেটিং অফিসার নিয়োগ দেবেন। এজন্য প্রক্রিয়ায় একটি নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েছেন। বিজ্ঞপ্তির আলোকে আগ্রহী প্রার্থীরা প্রতিষ্ঠানে আবেদন করেছেন।

ক. দক্ষতা কী? ১
খ. ব্যবস্থাপনাকে জ্ঞানের একটি বিশেষ শাখা বলা হয় কেন? ২
গ. জালাল ইউসুফ ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রতিষ্ঠানটির পরবর্তী কাজ হলো কর্মী নির্বাচন'— উক্তিটির যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ নিজ গ্রাহকদের সঙ্গে আন্তরিক ব্যবহার করার মাধ্যমে ব্যবসায় পরিচালনা করছেন মোবাইল মেরামতকারী প্রতিষ্ঠানের মালিক হানিফ মিয়া। প্রাতিষ্ঠানিক শিক্ষায় উচ্চশিক্ষিত না হয়েও তার মধ্যে রয়েছে ব্যবস্থাপকের একটি বিশেষ গুণ। তার এই গুণ ব্যবসায় সম্প্রসারণে এবং বিপুল গ্রাহক তৈরিতে অনেক সহায়তা করছে। তবে প্রয়োজনীয় কারিগরি জ্ঞানের অভাবে তিনি অনেক সমস্যার মধ্যে পড়েন।

ক. ব্যবস্থাপনা চক্র কী? ১
খ. এফডব্লিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. হানিফ মিয়ার কোন ধরনের ব্যবস্থাপকীয় দক্ষতা উদ্দীপকে প্রকাশ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন ধরনের ব্যবস্থাপকীয় কাজের দ্বারা হানিফ মিয়ার সমস্যার সমাধান করা সম্ভব? তোমার মতামত তুলে ধর। ৪

৪ ▶ নাবিল আহমেদ প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ উচ্চস্তরের এবং কম গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলো মাধ্যম ও নিম্নপর্যায়ের নির্বাহীদের দ্বারা সম্পাদন করে থাকেন। ফলে প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে আগ্রহ এবং উদ্দীপনা লক্ষ করা যাচ্ছে। নাবিল আহমেদ প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে এমন একটি মনোভাব তৈরি করতে চান যেন প্রতিষ্ঠানের কর্মীরা একটি টিম হিসেবে কাজ করে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপকের যোগাযোগ দক্ষতা কী? ব্যাখ্যা কর। ২
গ. নাবিল আহমেদ ব্যবস্থাপনার কোন নীতির প্রতি গুরুত্ব আরোপ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রতিষ্ঠানে দলগত চেতনা তৈরি হবে'— উদ্দীপকের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫ ▶ একটি পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে পাস করা মিসেস জাহানারা খানম গত পাঁচ বছর ধরে একটি প্রতিষ্ঠানে কর্মরত। একই প্রতিষ্ঠানে জনাব মিনহাজুল আবেদীন সাত বছর থেকে কাজ করছেন। ২০২৪ সালে উর্ধ্বতন পদে কর্মী নিয়োগের প্রয়োজন পড়ে। তাদের মধ্য থেকে মিসেস জাহানারা খানমকে অধিক সুবিধা দিয়ে পদায়ন করা হয়। এভাবে বিভিন্ন বিভাগ থেকে কর্মীদের সুবিধা বৃদ্ধি করে কর্মী নিয়োগের একটি বিধান প্রতিষ্ঠানটিতে রয়েছে।

ক. প্রবণতা পরীক্ষা কী? ১
খ. কর্মী নির্বাচনকে ঋণাত্মক প্রক্রিয়া বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন উৎস থেকে কর্মী নিয়োগ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মী নিয়োগের এই বিধান কর্মীদের মধ্যে কী ধরনের পরিবর্তন নিয়ে আসবে? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ স্বপন পাল একটি প্রতিষ্ঠানের প্রধান ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের প্রধান হিসেবে তিনি কর্মকর্তা-কর্মচারীর ভালো মন্দ বিবেচনা করে সিদ্ধান্ত নেন। ফলে কর্মীরা তাঁর প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল এবং সাদরে তারা তার সকল আদেশ নির্দেশ মেনে চলেন।

ক. নেতৃত্ব কী? ১
খ. লিখিত নির্দেশনার সুবিধা কী? ব্যাখ্যা কর। ২
গ. দৃষ্টিভঙ্গির বিচারে স্বপন পালের নেতৃত্ব কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "স্বপ্ন পাল মানবিক দক্ষতাসম্পন্ন ব্যবস্থাপক"— উদ্দীপকের আলোকে মতামতটি মূল্যায়ন কর। ৪

৭ ▶ মধুমতি গ্রুপের চেয়ারম্যান মি. ব্রজেন গোমেজ। তিনি কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি নীতিমালা প্রণয়ন করেছেন। নতুন নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের অনেক কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি পাবেন এবং তাদের আর্থিক অবস্থার ইতিবাচক পরিবর্তন আসবে। মি. ব্রজেন গোমেজ কর্মীদের জানালেন পরিস্থিতি বিবেচনায় পরিকল্পনার পরিবর্তন করা যেতে পারে।

ক. পেশা কী? ১
খ. 'ব্যবস্থাপনা বিজ্ঞান না কলা'— ব্যাখ্যা কর। ২
গ. প্রকৃতির ভিত্তিতে উদ্দীপকের পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'পরিকল্পনাটির একটি বিশেষ গুণ উদ্দীপকে স্পষ্ট হয়েছে"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮ ▶ ড্রিমল্যান্ড লিমিটেড খেলনা উৎপাদনকারী প্রতিষ্ঠান। কারখানা ফটকে আগত আগ্রহীদের মধ্য থেকে অস্থায়ী ভিত্তিতে কিছু প্যাকেজিং কর্মী নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগের শর্তে বলা হয় যে, প্রথম বছর প্রত্যেককে পর্যায়ক্রমে সমপর্যায়ের বিভিন্ন পদে কাজ করে অভিজ্ঞতা অর্জন করতে হবে। প্রশিক্ষণ শেষে দক্ষতার ভিত্তিতে সবাইকে স্থায়ী নিয়োগ দেওয়া হবে। ছয়মাস পর দেখা গেল কর্মীরা কাজ ছেড়ে অন্যত্র চলে যাচ্ছে। উচ্চপদস্থ ব্যবস্থাপকরা মনে করেন, উৎস নির্বাচনের সমস্যার কারণে এরূপ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

ক. শুষ্ক পদোন্নতি কী? ১
খ. প্রশিক্ষণ কীভাবে শ্রমঘূর্ণায়মানতা হ্রাস করে? ব্যাখ্যা কর। ২
গ. ড্রিমল্যান্ড লিমিটেড–এর প্রশিক্ষণ পদ্ধতিটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মী সংগ্রহের জন্য উৎস নির্বাচনে তোমার মতামত কী? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ রূপালী ফিড একটি মৎস্যখাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২৪ সালে মোট বত্রিশ টন উৎপাদন লক্ষমাত্রা নিয়ে যাত্রা শুরু করেছে। বছর শেষে পঁচিশ টন উৎপাদন হলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়। পরবর্তী বছরগুলোতে যাতে আর সমস্যা না হয় এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২০২৫ সালে একটি বড় বিদেশি আদেশের প্রত্যাশা করছেন। দেশে এ জাতীয় অনেক ভালো প্রতিষ্ঠান রয়েছে। তাই প্রতিযোগিতা মোকাবিলার জন্য নতুন সিদ্ধান্ত নিতে হবে।

ক. মানবসম্পদ ব্যবস্থাপনা কী? ১
খ. নিয়ন্ত্রণকে কালান্তিক কাজ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রূপালী ফিড ব্যবস্থাপনার কোন কাজটি সম্পন্ন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ২০২৫ সালে সাংগঠনিক কাঠামোভিত্তিক কোন ধরনের পরিকল্পনা প্রয়োজন? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ মিসেস নাসরিন একটি প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক। উৎপাদন কাজে বিশেষজ্ঞ জমির উদ্দিন উৎপাদন বিভাগের প্রধান হিসেবে নিযুক্ত রয়েছেন। এছাড়াও মার্কেটিং কাজে দক্ষ মাজেদ বাজারজাতকরণ বিভাগ পরিচালনা করেন।

ক. লক্ষ্য কী? ১
খ. অভ্যন্তরীণ কর্মী সংগ্রহের ফলে প্রতিষ্ঠানের ব্যয় হ্রাস পায় কীভাবে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে কোন ধরনের সংগঠন কাঠামো রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রতিষ্ঠানটিতে শ্রম বিভাজনের নীতি অনুসরণ করা হয়েছে'–উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▶ লন্ডন ফ্যাশন-এর প্রধান নির্বাহী কর্মকর্তা এনায়েতুল বারি। বিভাগীয় কর্মকর্তাদের আদেশ বা নির্দেশনা প্রদানের সময় তিনি একটি সাধারণ সভা আয়োজন করেন। সাধারণ সভায় সকলের সাথে নির্দেশনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং মতবিনিময় করেন। সকলের মতামতের উপর ভিত্তি করেই তিনি সিদ্ধান্ত প্রদান করেন। আলোচনাকালে তিনি প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকল্পনা তাদের সামনে উপস্থাপন করেন।

ক. কর্মকেন্দ্রিক নেতৃত্ব কী? ১
খ. একজন আদর্শ নেতাকে ভবিষ্যৎ সম্পর্কে দূরদর্শী হতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. এনায়েতুল বারির নির্দেশনার ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. এরূপ নির্দেশনা প্রদানের ক্ষেত্রে কী ধরনের সমস্যা সৃষ্টি হতে পারে? তোমার মতামত তুলে ধর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 7 8

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনতা লি. এর ব্যবস্থাপক মি. জামান। তিনি তাঁর প্রতিষ্ঠানের কাজগুলোকে ধরন অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করেন। কর্মীদের দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে তাদেরকে বিভিন্ন বিভাগে নিয়োজিত করেন। তিনি প্রতিষ্ঠানের নীতিনির্ধারণ করেন। ভোক্তাদের রুচি ও চাহিদার কথা বিবেচনা করে তিনি উৎপাদনে নিত্যনতুন কলাকৌশল ও প্রযুক্তির ব্যবহার করেন। ফলে তাঁর প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. শিল্পবিপ্লব সর্বপ্রথম কোথায় সংঘটিত হয়? ১
খ. 'ব্যবস্থাপনা সর্বজনীন'— ব্যাখ্যা কর। ২
গ. মি. জামান কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "দক্ষ ব্যবস্থাপনাই প্রতিষ্ঠানটির সফলতার মূল কারণ"— তুমি কি একমত? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

২▸ রংপুর সরকারি কলেজের ব্যবসায় শিক্ষা গ্রুপের একাদশ শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে যাওয়ার জন্য অধ্যক্ষ বরাবর আবেদন করে। অধ্যক্ষ মহোদয় কবে, কোথায়, কখন ও কীভাবে যাওয়া হবে তা ঠিক করে চাঁদার পরিমাণ নির্ধারণ করে দেন। পরবর্তীতে করণীয় কাজগুলোকে কতকগুলো ভাগে ভাগ করে তার দায়িত্ব বিভিন্ন শিক্ষককে অর্পণ করেন। অতঃপর একজন সিনিয়র শিক্ষককে সার্বিক দায়িত্ব ও ক্ষমতা অর্পণ করা হয়। সবাই যার যার দায়িত্ব সঠিকভাবে পালন করায় বনভোজন সফল হয়েছে।

ক. ব্যবস্থাপনা চক্র কী? ১
খ. ব্যবস্থাপনা কি একটি পেশা? ব্যাখ্যা কর। ২
গ. অধ্যক্ষ মহোদয় প্রথমে যে কাজ করেছেন তা ব্যবস্থাপনার কোন কাজের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুষ্ঠু ব্যবস্থাপনাই উদ্দীপকের সফরকে সফল করেছে বিশ্লেষণ কর। ৪

৩▸ সাজাহান খান মীরবাগ সাবান কারখানায় লক্ষ্য স্থির ও নীতিনির্ধারণী কাজ করে থাকেন। সম্প্রতি সাবানের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি তার কারখানার শ্রমিকদের প্রত্যহ ১.৫ ঘণ্টা অতিরিক্ত কাজ করার নির্দেশনা দেন। কিন্তু অতিরিক্ত মজুরি ঘোষণা দেন নাই। ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ ছড়িয়ে পড়েছে।

ক. ব্যবস্থাপনায় শৃঙ্খলার নীতি কী? ১
খ. আন্তঃব্যক্তিক দক্ষতা একজন বিক্রয় কর্মকর্তার জন্য গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাজাহান খান তাঁর প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "একজন প্রশাসক হিসেবে জনাব সাজাহান খানের ব্যবস্থাপকীয় কিছু দক্ষতার ঘাটতি আছে"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব ফারুক একটি পোশাক প্রস্তুতকারক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। গত শীত মৌসুমে ৮ লক্ষ জ্যাকেট বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তিনি সে অনুপাতে উৎপাদন পরিচালনা করেন। কিন্তু গত বছর শীতের প্রকোপ কম হওয়ায় তিনি ৫ লক্ষ জ্যাকেট বিক্রয় করতে সক্ষম হন। ফলে তিনি বিশাল লোকসানের সম্মুখীন হন। সেই পরিবেশ বুঝে তিনি এ শীতে পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. পরিকল্পনার আঙ্গিনা কী? ১
খ. কেন বৃহদায়তন প্রতিষ্ঠানের জন্য স্থায়ী পরিকল্পনা উপযোগী? ব্যাখ্যা কর। ২
গ. লক্ষ্যমাত্রা নির্ধারণের মাধ্যমে জনাব ফারুক এর গৃহীত পরিকল্পনাটি কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অতীত পরিবেশ বুঝে বর্তমান পরিকল্পনা প্রণয়নসংক্রান্ত জনাব ফারুকের সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৫▸ সাফা ট্রেডার্স এর কর্ণধার জনাব সুমন রংপুরের জাহাজ কোম্পানি মোড়ে জুতার ব্যবসা করেন। তিনি প্রতিষ্ঠানের শুরু থেকেই একই পরিকল্পনা অনুসরণ করে আসছেন। উৎপাদন ও পণ্যের মানে তিনি কোনো পরিবর্তন আনেননি। এতে তার সময় ও শ্রম দুইই বাঁচে। কিন্তু সম্প্রতি প্রতিযোগিতায় টিকে থাকার জন্য ভোক্তা আকর্ষণে নতুন পরিকল্পনা গ্রহণ করেন।

ক. লক্ষ্য কী? ১
খ. একার্থক পরিকল্পনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সুমনের গৃহীত পরিকল্পনাটি প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিযোগিতায় টিকে থাকার জন্য জনাব সুমনের গৃহীত পরিকল্পনার যথার্থতা মূল্যায়ন কর। ৪


৬▸ জনাব মামুন একটি সুতা উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। তিনি শুরুতে প্রতিষ্ঠানের উৎপাদন, ক্রয়-বিক্রয়, অর্থসংস্থান ইত্যাদি কার্যাবলি একাই দেখতেন। অধস্তনেরা বিনা দ্বিধায় তার আদেশনিষেধ মেনে নিতেন। এতে অল্প সময়ের ব্যবধানে তার প্রতিষ্ঠানে ব্যাপক সফলতা আসে। তাই তিনি তার প্রতিষ্ঠান সম্প্রসারণ করেন এবং বিভিন্ন কাজে বিশেষজ্ঞ ব্যক্তিদের নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করেন।

ক. সংগঠন কাঠামো কী? ১
খ. সরলরৈখিক সংগঠন কাঠামো বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের প্রথম পর্যায়ের সংগঠন কাঠামোর ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মামুন কর্তৃক সংগঠন কাঠামো পরিবর্তনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭▸ জনাব ইলিয়াস একটি রপ্তানিমুখী গার্মেন্টস কোম্পানির মালিক। তিনি নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে সব সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আ.বি.এ থেকে বিবিএ ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেন এবং তার প্রতিযোগী প্রতিষ্ঠান যমুনা গার্মেন্টস নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে তাদের শ্রমিক ইউনিয়নের সুপারিশ অনুযায়ী নিতে বাধ্য হন। এতে দেখা যাচ্ছে জনাব ইলিয়াসের প্রতিষ্ঠান উত্তরোত্তর ভালো মুনাফা করলেও যমুনা গার্মেন্টস তাদের লোকসান কাটিয়ে উঠতে পারছে না।

ক. নিয়োগ কী? ১
খ. যোগ্যতাভিত্তিক পদোন্নতি বলতে কী বোঝায়? ২
গ. যমুনা গার্মেন্টস কর্মী সংগ্রহের ক্ষেত্রে কোন উৎস ব্যবহার করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাহ্যিক উৎস ব্যবহারের কারণেই জনাব ইলিয়াস সফলতা অর্জনে সক্ষম হয়েছে? উদ্দীপকের আলোকে এর যথার্থতা ব্যাখ্যা কর। ৪

৮▸ ইয়াকুব প্রোডাক্টস লিমিটেড বিভিন্ন ধরনের পণ্য উৎপাদনকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির সংগঠন কাঠামোটি নিম্নরূপ—




ক. দ্বৈত অধীনতা কাকে বলে? ১
খ. সৃজনশীলতা বিকাশে উত্তম সংগঠন কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. ইয়াকুব প্রোডাক্টস লিমিটেডের সংগঠন কাঠামোটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত সংগঠন বেশি প্রযোজ্য হবে? বিশ্লেষণ কর। ৪

৯▸ মি. ফরহাদ একটি কারখানার উৎপাদন ব্যবস্থাপক। তিনি কারো সাথে আলাপ না করে নিজে একাই টার্গেট নির্ধারণ করে দেন এবং ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে কাজ আদায় করেন। প্রথমদিকে কারখানার উৎপাদন কিছুটা বৃদ্ধি পেলেও পরে তা হ্রাস পেতে থাকে। তিনি পরিস্থিতি বুঝতে পেরে তার কৌশল পরিবর্তন করেছেন। এখন সকলের পরামর্শ শোনেন এবং করণীয় নির্বাচন করেন।

ক. পরামর্শমূলক নির্দেশনা কী? ১
খ. লাগামহীন নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. মি. ফরহাদের প্রথমত নেতৃত্বের ধরন কী ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উৎপাদন ব্যবস্থাপকের নতুন নেতৃত্বের ধরনটি তুমি কী সমর্থন করো? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

১০▸ 'শাপলা' কোম্পানি পণ্য উৎপাদন ও বিক্রয় করে। ২০১৮ সালের জানুয়ারি মাসে ৬,০০,০০০ পণ্য উৎপাদন ও বিক্রয়ের টার্গেট নেয়। কিন্তু জুন মাসে এসে দেখেন উৎপাদন ঠিক পরিমাণ হলেও বিক্রয় হয়েছে মাত্র ১,৮০,০০০ পণ্য। এ পরিস্থিতিতে প্রতিষ্ঠানের এমডি সব বিভাগের ব্যবস্থাপকদের তদারকি বাড়িয়ে দেয়ার পাশাপাশি বিচ্যুতি খুঁজে বের করে সেগুলোর সংশোধনীমূলক ব্যবস্থা নেয়ার তাগিত প্রদান করলেন।

ক. বাজেট কী? ১
খ. 'নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া' ব্যাখ্যা কর? ২
গ. 'শাপলা' কোম্পানি প্রথমত নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন পদক্ষেপ অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তাতে কি তুমি মনে করো কোম্পানি লক্ষ্য অর্জন করতে পারবে? যুক্তি দাও। ৪

১১▸ শরিফুল ইসলাম একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী। তিনি মনে করেন তার ৯ম গ্রেডের সকল কর্মকর্তা সব বিভাগের কাজ সম্পর্কে ধারণা রাখবে। তাই তিনি গত বছর নিয়োগ পাওয়া ৫ কর্মকর্তাকে উৎপাদন, বিপণন, ক্রয় ও বিক্রয় বিভাগে সমমর্যাদাসম্পন্ন পদে এক টেবিল থেকে আরেক টেবিলে স্থানান্তরের মাধ্যমে কাজ শিখিয়েছেন। এর ফলে গত মাসে বিপণন ব্যবস্থাপক হঠাৎ চাকরি ছেড়ে দিলেও তার প্রতিষ্ঠানের বিপণনসংক্রান্ত কোন কাজে ব্যাঘাত সৃষ্টি হয়নি। তিনি সফলতার সাথে পরিস্থিতি মোকাবিলা করতে পেরেছেন।

ক. সেমিনার কী? ১
খ. 'যোগ্যতাভিত্তিক পদোন্নতি' কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উদ্দীপকে শরিফুল ইসলাম কোন ধরনের প্রশিক্ষণ প্রদান করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শরিফুল ইসলামের প্রশিক্ষণ পদ্ধতিটিই তার অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় সাহায্য করেছে' বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪